ভারত সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম কল্যাণ সংস্থা
কল্যাণ ও কর কমিশনারের কার্যালয়
২৩৪/৪, এজেসি বোস রোড, নিজাম প্যালেস, কলকাতা-২০
ই-মেইল : wcc.lwokol-wb@gov.in

# জাতীয় বৃত্তি পোর্টাল

**২০২৬-২৭ অর্থবর্ষের জন্য বিড়ি/সিনেমা কর্মীদের সন্তানদের শিক্ষার জন্য আর্থিক সহায়তা।**

## 1. সংক্ষিপ্ত বিবরণ

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় জাতীয় বৃত্তি পোর্টালে একটি অনলাইন আবেদন প্রক্রিয়ার মাধ্যমে বিড়ি এবং সিনেমা কর্মীদের সন্তানদের শিক্ষার জন্য আর্থিক সহায়তা বাস্তবায়ন করে। যোগ্য সুবিধাভোগীরা জাতীয় বৃত্তি পোর্টালের মাধ্যমে বৃত্তির জন্য আবেদন করতে পারেন।

এ বছর মেধা ভিত্তিক এবং কল্যাণ ভিত্তিক প্রকল্পের শ্রেণিবিন্যাস প্রবর্তন করা হয়েছে যাতে শিক্ষার্থীরা তাদের যোগ্যতা অনুযায়ী একটি "**মেধা ভিত্তিক প্রকল্প**" এবং "**এক বা একাধিক কল্যাণ**" ভিত্তিক প্রকল্পের সুবিধা গ্রহণ করতে পারে।

## 2. যোগ্যতার মানদণ্ড

✓ বিড়ি/সিনেমা কর্মী হিসেবে নিবন্ধিত শ্রমিকের সন্তান হতে হবে।

✓ সিনেমা কর্মীদের জন্য পারিবারিক আয় বার্ষিক ৯৬,০০০/- টাকা এবং বিড়ি কর্মীদের জন্য ১,২০,০০০/-টাকার বেশি হওয়া উচিত নয়।

✓ এটি যেকোনো সরকার স্বীকৃত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণী থেকে পেশাদার ডিগ্রি কোর্স পর্যন্ত অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য।

## 3. Scholarship Amount

| শ্রেণীবিভাগ | বার্ষিক বৃত্তির হার |
|---|---|
| প্রথম থেকে চতুর্থ (পোশাক/বই ইত্যাদি কেনার জন্য) | ১০০০ |
| পঞ্চম থেকে অষ্টম | ১৫০০ |
| নবম, দশম | ২০০০ |
| একাদশ, দ্বাদশ | ৩০০০ |
| আইটিআই / পলিটেকনিক | ৬০০০ |
| ডিগ্রি কোর্স (বি.এসসি. কৃষি সহ) | ৬০০০ |
| পেশাদার কোর্স | ২৫০০০ |

**দ্রষ্টব্যঃ পরবর্তী শ্রেণীতে উন্নীত শিক্ষার্থীরা উপরোক্ত বৃত্তির জন্য আবেদন করতে পারবে।**

## 4. আবেদন প্রক্রিয়া

i) অফিসিয়াল ওয়েবসাইটটি দেখুন https://scholarships.gov.in
ii) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে প্রাসঙ্গিক স্কিমটি নির্বাচন করুন।
iii) জাতীয় বৃত্তি পোর্টালে (এনএসপি) নিবন্ধন/লগইন করুন।
iv) আবেদনপত্র পূরণ করুন এবং প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করুন।

## 5. গুরুত্বপূর্ণ তারিখ (অস্থায়ী)

- আবেদন শুরুর তারিখঃ ০১ জুন, ২০২৬
- আবেদনের শেষ তারিখ ৩১ আগস্ট, ২০২৬ (প্রি-ম্যাট্রিকের জন্য) এবং ১লা অক্টোঃ, ২০২৬ (পোস্ট-ম্যাট্রিকের জন্য)
- ইনস্টিটিউট যাচাইয়ের শেষ তারিখ ১৫ই সেপ্টেঃ, ২০২৬ (প্রি-ম্যাট্রিকের জন্য) এবং ১৫ই নভেম্বঃ, ২০২৬ (পোস্ট-ম্যাট্রিকের জন্য)।

## 6. প্রয়োজনীয় কাগজপত্র

- আধারের সাথে মোবাইল নম্বর লিঙ্ক। ● কর্মীর পরিচয়পত্র (সামনের পৃষ্ঠা ও পিছনের পৃষ্ঠা)।
- সর্বশেষ আয়ের শংসাপত্র।